



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইব্রাহীম খাঁ সরকারি কলেজ
ভূঞাপুর, টাঙ্গাইল।

Web : www.ibrahimkhangovcollege.edu.bd, মোবাইল ফোন: ০১৭৯৮-৫৪৭৪৩৩

তারিখ: ১৯ই অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
০৪ঠা ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

ইব্রাহীম খাঁ সরকারি কলেজে অধ্যয়নরত দ্বাদশ শ্রেণির (২০২৩-২০২৪) শিক্ষার্থীসহ সংশ্লিষ্টদের জানানো যাচ্ছে যে, প্রাক-নির্বাচনি পরীক্ষা শেষে আগামী ১০/১২/২০২৪ তারিখ হতে যথারীতি বিদ্যমান (০২/১২/২০২৪ তারিখে সংশোধিত) ক্লাসরুটিন অনুযায়ী ক্লাস-কার্যক্রম পরিচালিত হবে।

আরও জানানো যাচ্ছে যে, ঢাকা শিক্ষা বোর্ডের নির্দেশনা অনুযায়ী আগামী ৭ই জানুয়ারি ২০২৫ হতে দ্বাদশ শ্রেণির নির্বাচনি পরীক্ষা শুরু এবং ০২ মার্চ ২০২৫ তারিখ হতে চূড়ান্ত পরীক্ষার ফরম পূরণ শুরু হবে। নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য শিক্ষার্থীদের তালিকা, প্রবেশ পত্র বিতরণ ও নির্বাচনি পরীক্ষার সময়-সূচি যথাসময়ে জানানো হবে। চূড়ান্ত পরীক্ষার ফরম পূরণের জন্য নির্বাচনি পরীক্ষায় উত্তীর্ণ হওয়া আবশ্যিক।

শিক্ষার্থীদের নিয়মিত ক্লাসে উপস্থিত এবং পরীক্ষার যথাযথ প্রস্তুতি গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৪/১২/২৪

অধ্যক্ষ

ইব্রাহীম খাঁ সরকারি কলেজ
ভূঞাপুর, টাঙ্গাইল।

e-mail : ikgc1948@gmail.com

বিতরণ :

- ১। সম্পাদক, শিক্ষক পরিষদ, ইব্রাহীম খাঁ সরকারি কলেজ;
- ২। বিভাগীয় প্রধান,.....বিভাগ, ইব্রাহীম খাঁ সরকারি কলেজ;
- ৩। জনাব.....;
- ৪। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি, ইব্রাহীম খাঁ সরকারি কলেজ;
(সংশ্লিষ্ট গ্রুপে প্রকাশের অনুরোধসহ);
- ৫। প্রধান সহকারী, ইব্রাহীম খাঁ সরকারি কলেজ;
- ৬। হিসাব সহকারী, ইব্রাহীম খাঁ সরকারি কলেজ;